কক্সবাজারে ব্লু ইকোনমি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার নির্দেশ প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

কক্সবাজারে ‘ইউনিভার্সিটি অব ব্লু ইকোনমি সায়েন্সেস অ্যান্ড টেকনোলজি’ (ইউবিইএসটি) নামে বিশেষায়িত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নিতে শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

সোমবার (১৪ সেপ্টেম্বর) বিকেলে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে এ তথ্য জানান স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি জানান, তাঁর পাঠানো আধা-সরকারি পত্রের (ডিও) পর্যালোচনা শেষে প্রধানমন্ত্রী এ নির্দেশনা দিয়েছেন।

এর আগে ১৩ সেপ্টেম্বর কক্সবাজারে ইউবিইএসটি প্রতিষ্ঠার প্রস্তাব দিয়ে প্রধানমন্ত্রীকে ডিও পাঠান সালাহউদ্দিন আহমদ। প্রস্তাবে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের (বিওআরআই) বিদ্যমান অবকাঠামো, ল্যাবরেটরি ও গবেষণা সুবিধা ব্যবহার করে দ্রুত বিশ্ববিদ্যালয়টির কার্যক্রম শুরুর কথা বলা হয়।

স্বরাষ্ট্রমন্ত্রীর বলেন, বিদ্যমান অবকাঠামো কাজে লাগালে নতুন স্থাপনা তৈরির জন্য দীর্ঘ সময় অপেক্ষা করতে হবে না। একই সঙ্গে দেশের ব্লু ইকোনমি খাতে গবেষণা অবকাঠামোর সর্বোচ্চ ব্যবহার এবং দক্ষ মানবসম্পদ তৈরির সুযোগ তৈরি হবে।